

- (ঙ) ‘মহেশ’ গল্পের অন্তর্গত গফুর মিশ্রের চরিত্রটির বিশেষত্ব বিস্তৃতভাবে লেখো।
- (চ) “কোনোটাই তার অভিনয় নয়, চিরন্তনী নারীপ্রকৃতির মধ্যে পাশাপাশি বাস করছে সম্পূর্ণ আলাদা দুটি সত্তা, জননী আর প্রিয়া।” কার সম্পর্কে কথাটি বলা হয়েছে? তাঁর চিরন্তনী নারীপ্রকৃতির দুটি সত্তার পরিচয় দাও।
- (ছ) “... লোভ, বেঁচে থাকার ইচ্ছে, স্বার্থ, ভালবাসা—সব নিয়ে রামায়ণ-মহাভারত-টলস্টয়ের স্টাইলে এমন লুডো খেলা আর দেখিনি।” ‘সাজানো বাগান’ নাটক সম্পর্কে জনৈক সমালোচকের এই মন্তব্যের সার্থকতা বিচার করো।
- (জ) ‘সাজানো বাগান’ নাটকের শেষ দৃশ্যের ঘটনা নিজের ভাষায় লেখো।

★ ★ ★

2023

BENGALI
(Honours Generic/Regular Course)

Paper : BEN-HG/RC-4016

(কুড়ি শতকের সাহিত্য পাঠ)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

- ১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০
- (ক) ‘ছেলেবেলা’ গ্রন্থে রবীন্দ্রনাথ কোন দিনটিকে তাঁদের ‘ছোটবেলার ছুটির দিন’ বলে উল্লেখ করেছেন?
(i) রবিবার
(ii) শনিবার
(iii) বুধবার
(iv) শুক্রবার
- (খ) ‘ছেলেবেলা’ গ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুর কোন সালে রচনা করেন?
(i) ১৩১২ সালে
(ii) ১৩৪৪ সালে
(iii) ১৩৪২ সালে
(iv) ১৩৪০ সালে

(গ) রবীন্দ্রনাথের সেজদাদার বড় মেয়ের নাম কী ?

- (i) প্রতিভা
- (ii) ভারতী
- (iii) স্বর্ণকুমারী
- (iv) মানকুমারী

(ঘ) কে বালক রবীন্দ্রনাথের সকল তর্কের জবাব দিতেন ?

- (i) সেজদাদা
- (ii) বউঠাকরুন
- (iii) জ্যোতিদাদা
- (iv) অক্ষয় চৌধুরী

(ঙ) 'অভিনেত্রী' গল্পের লেখিকার নাম কী ?

- (i) আশাপূর্ণা দেবী
- (ii) মৈত্রেয়ী দেবী
- (iii) লীলা মজুমদার
- (iv) নবনীতা দেবসেন

(চ) তারানাথের স্ত্রীর নাম কী ?

- (i) নিরুপমা
- (ii) অনুপমা
- (iii) শীলা
- (iv) বেলা

(ছ) শূন্যস্থানের সঠিক শব্দটি নির্বাচন করো :

“এত বড় _____ পিয়াদার সহ্য হইল না।”

- (i) কথা
- (ii) অভিশাপ
- (iii) সম্পর্ক
- (iv) অসম্মান

(জ) “টুপি! আমারে টুপি পরালো কেডা?” বক্তা কে ?

- (i) গুপি
- (ii) মোক্তার
- (iii) বাঞ্ছারাম
- (iv) নকড়ি

(ঝ) বাঞ্ছারাম পদ্মর মুখে কী ঢুকিয়ে দিয়েছিল ?

- (i) জিলাপি
- (ii) বাতাসা
- (iii) গুজিয়া
- (iv) নাড়ু

(ঞ) শূন্যস্থানের সঠিক শব্দটি নির্বাচন করো :

“কিন্তুক না বাঁচলে আমি _____ গায়ে দেবো কী করে?”

- (i) জামা
- (ii) কাপড়
- (iii) চাদর
- (iv) শাল

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) 'ছেলেবেলা' গ্রন্থে সেকেলে কোলকাতায় যে সমস্ত গাড়ি ছিল না বলে রবীন্দ্রনাথ উল্লেখ করেছেন তার মধ্যে দুটি গাড়ির নাম লেখো।
- (খ) "সূর্যমুখী আর কুন্দনন্দিনী আপন লোকের মতো আনাগোনা করছে ঘরে ঘরে।" এখানে সূর্যমুখী ও কুন্দনন্দিনী কে কে?
- (গ) "চাল নেই বাবা!" উক্তিটির বক্তা কে? যাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে তার নাম কী?
- (ঘ) "পথ দেখে চলতে পার না? আর একটু হলে আমার স্ট্র্যাপটা ছিঁড়ে যেত যে!" উক্তিটি কোন্ গল্পের অন্তর্গত এবং উক্তিটির বক্তা কে?
- (ঙ) পদ্মর স্বামী ও দাদাশ্বশুরের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) :

৫×৪=২০

- (ক) "সে সময়টাতে হাওয়ায় হাওয়ায় আতঙ্ক এমনি জাল ফেলেছিল যে টেবিলের नीচে পা রাখলে পা সুড়সুড় করে উঠত।" উদ্ধৃত মন্তব্যটির মধ্যে যে আতঙ্কের কথা বলা হয়েছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (খ) রবীন্দ্রনাথ ঠাকুর জীবনে একবার যে এঞ্জিনিয়ারিং করতে নেমেছিলেন সে সম্পর্কে যা জান লেখো।

- (গ) 'দুধের দাম' গল্পে কুলির মজুরি কত ছিল? বৃদ্ধা তাকে বেশি টাকা কেন দিয়েছিলেন?
- (ঘ) তর্করত্নের সঙ্গে গফুরের কথোপকথনটি সংক্ষেপে লেখো।
- (ঙ) নকড়ির গিন্নি চরিত্রটির বিষয়ে সংক্ষেপে লেখো।
- (চ) টাকা লেখো : হেঁৎকা

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

- (ক) বালক রবীন্দ্রনাথের জীবনে ছাদের যে ভূমিকা ছিল তা নিজের ভাষায় লেখো।
- (খ) 'ছেলেবেলা' গ্রন্থে রবীন্দ্রনাথ পাক্ষী প্রসঙ্গে যা যা বলেছেন তা বিশদে লেখো।
- (গ) স্মৃতিকথা কাকে বলে? রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছেলেবেলা' গ্রন্থটিকে স্মৃতিকথার পর্যায়ভুক্ত করা যায় কি না সে সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) 'ফসিল' গল্পের নামকরণের সার্থকতা বিষয়ে আলোচনা করো।

(Turn Over)